গাংনী থানা পুলিশের অভিযানে গ্রেফতার-৬

গাংনী থানা পুলিশের ১২ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলা ও আদালতের পরোয়ানাভূক্ত ৬ আসামি গ্রেফতার হয়েছে।
বুধবার দিবাগত রাতের ভিন্ন সময়ে পুলিশের পৃথক টিম উপজেলার বিভিন্ন গ্রামে অভিযান চালিয়ে এইসব আসামি গ্রেফতার করেন।
গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করেন।
তিনি বলেন, গোপন সংবাদে খবর পেয়ে গাংনী থানার পৃথক টিম বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে ৬ আসামি গ্রেফতার করেছেন।
আসামিদের মধ্যে নিয়মিত মামলার ৪ ও আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলার ২ জন।
আজ বৃহস্পতিবার (১৩ জুলাই) সকাল ১০ টার দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে নিরাপদ সবজি বিক্রয় কেন্দ্রের উদ্বোধন

‘ ‘উত্তম কৃষি চর্চা’’ অনুসরণে উৎপাদিত কীটনাশকের বিষক্রিয়ামুক্ত নিরাপদ সবজি বিক্রয়ের েলেক্ষ নিরাপদ সবজি বিক্রয় কেন্দ্রের উদ্বোধন করা হয়েছে।

আজ বুধবার বিকেলে মেহেরপুরের গাংনী সবজি বাজারের কিফাত সবজি ঘরে নিরাপদ সবজি বিক্রয় কেন্দ্র উদ্বোধন করা হয়। গাংনী উপজেলা কৃষি অফিস ও পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি(পিএসকেএস) এর তত্বাবধানে ও পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন(পিকেএসএফ) এর কারিগরি ও আর্থিক সহায়তায় নিরাপদ সবজি বিক্রয় কেন্দ্রটি পরিচালিত হবে।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন,গাংনী উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ মোঃ ইমরান হোসেন, উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা

কৃষিবিদ মোঃ আবব্দুর রউফ, পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির উপ পরিচালক কামরুল আলম, সহকারি পরিচালক Ñ(প্রশিক্ষণ) আশরাফুল আলম মন্ডল, পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির কৃষি ইউনিটের কৃষি কর্মকর্তা কৃষিবিদ মোঃ তরিকুল ইসলাম, গাংনী বাজার কমিটির সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম প্রমুখঃ

‘নিরাপদ সবজি গ্রহন করুন,সুস্বাস্থ্য নিশ্চিত করুন,এ প্রতিপাদ্যে গাংনী উপজেলা শহরে দ’◌ুটি নিরাপদ সবজি বিক্রয় কেন্দ্র চালু করলো পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি।

উদবোধনী অনুষ্ঠানে বক্তারা বলেন, উচ্চ মাত্রায় ক্ষকির রাসায়নিক বালাইনাশক ও সার ব্যবহার করে উৎপাদিত সাক-সবজি পাওয়ার কারনে মানবদেহে চর্মরোগ, প্রতিবন্ধকতা, বন্ধাত্ব, ক্যান্সার, হৃদরোগ, উচ্চ রক্তচাপসহ আরও অনেক সমস্যার সৃষ্টি হয়। এসব দিক বিবেচনা করে জৈব সার, জৈব বালাইনাশক, ফেরোমন ফাঁদ, রঙিন ফাঁদ বিষটোপ, পরিচ্ছন্ন চাষাবাদের মাধ্যমে রাসায়নিক সার ও কীটনাশক ব্যবহার কমিয়ে যে সবজি উৎপাদিত হয় এগুলোকে নিরাপদ সবজি বিক্রয় কেন্দ্রে বিক্রয় উপযোগী হবে। এতে গাংনীসহ আশপাশের এলাকার মানুষ নিরাপদ সবজি পেতে সহায়ক হবে। গেল বছরেও গাংনী হাসপাতাল বাজারের ওসমান সবজি ঘরে আরও একটি নিরাপদ সবজি বিক্রয় কেন্দ্র চালু করে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি।

মুজিবনগর ইউএনও’র নাজির কাম ক্যাশিয়ার সাগরের বিরুদ্ধে মামলা

মুজিবনগর উপজেলা ভূমি অফিসের নাজির কাম ক্যাশিয়ার রবিউল ইসলাম সাগরের বিরুদ্ধে এবার আদালতের মামলা দায়ের করেছে মেহেরপুর শহরের গার্মেন্টস ব্যবসায়ী ফরহাদ মল্লিক।

মেহেরপুর সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ১ম আদালতে মামলাটি দায়ের করেন। যার মামলা নং সিআর ৪৮৭/২০২৩, তারিখ ১০/০৭/২০২৩।

আসামি রবিউল ইসলাম সাগর মেহেরপুর শহরের মুখার্জিপাড়ার মৃত মোজাম্মেল হকের ছেলে।

মামলার বিবরনে জানা গেছে, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার দুস্থ্যদের মধ্যে তৈরী পোশাক বিতরনের কথা বলে ফরহাদ মল্লিকের গার্মেন্টস দোকান থেকে রবিউল ইসলাম সাগর ৫০ হাজার টাকার তৈরী পোশাক কেনেন। টাকা পরিশোধের জন্য চলতি বছরের ১২ জানুয়ারী আসামির নামীয় জনতা ব্যাংক লি: মেহেরপুর শাখায় ৫০ হাজার টাকার একটি চেক প্রদান করেন। যার চেক নং ৮৭০৩৭২৪, হিসাব নং ১৬২৩৫। ব্যাংক থেকে টাকা উঠাতে গেলে ওই একাউন্টে কোনো টাকা নেই বলে ব্যাংক জানায়। পরে ২২/০৫/২৩ তারিখে ডিসঅনার সনদ প্রদান করে।

এঘটনার পর মামলার বাদী ফরহাদ মল্লিক আসামি রবিউল ইসলাম সাগরকে টাকা প্রদানের জন্য লিগ্যাল নোটিশ পাঠান। লিগ্যাল নোটিশ পাওয়ার পর আসামি বিভিন্নভাবে প্রশাসনিক ভয়ভীতি দেখায়। জেল খাটানোর ভয়ভীতিও প্রদর্শন করেন। ফলে বাদ্য হয়ে বাদী ফরহাদ হোসেন আদালতের আশ্রয় নিয়ে তার বিরুদ্ধে এই মামলা দায়ের করেন। ১৮৮১ এর ১৩৮ ধারায় অপরাধ করার অভিযোগ এনে এই মামলাটি দায়ের করেন বাদী।

দুদকের মামলায় গুলশান থানার ওসি মেহেরপুরের ফিরোজ কবির ও তার স্ত্রীর সাজা

বেতনের চেয়ে বহুগুণ বেশি অর্থের সন্ধান মিলেছিল ব্যাংকে, সেই অর্থের বৈধ কোনো উৎস না মেলায় রাজধানীর গুলশান থানার সাবেক ওসি ফিরোজ কবির ও তার স্ত্রীকে যেতে হচ্ছে জেলে।

ফিরোজ কবির মেহেরপুর সদর উপজেলার সিংহাটি পশ্চিমপাড়ার ওলি মোহাম্মদের ছেলে। তার অপর ভাই আজিজুল ইসলাম বারাদী বাজারের একজন সার ব্যবসায়ী।

দুদকের দায়ের করা মামলার রায়ে ফিরোজ কবিরকে ৬ বছরের বিনাশ্রম

কারাদণ্ড এবং তার স্ত্রী সাবরিনা আহমেদ ইভাকে ৪ বছরের বিনাশ্রম কারাদণ্ড দিয়েছে আদালত।

ঢাকার ৯ নম্বর বিশেষ জজ আদালতের বিচারক শেখ হাফিজুর রহমান আজ বুধবার আসামিদের উপস্থিতিতে এ রায় ঘোষণা করেন। রায়ের পর ওই দম্পতিকে সাজা পরোয়ানা দিয়ে কারাগারে পাঠানো হয়।

ফিরোজ কবিরকে কারাদণ্ডের পাশাপাশি অপরাধের সাথে সংশ্লিষ্ট সম্পত্তির দ্বিগুণ, অর্থাৎ এক কোটি ৭৪ লাখ ৩৪ হাজার ৩৮৮ টাকা অর্থদণ্ড দেওয়া হয়েছে। সেই সঙ্গে ঘোষিত আয়ের বাইরে যে ৮৭ লাখ ১৭ হাজার ১৯৪ টাকা তার অ্যাকাউন্টে পাওয়া গেছে, তা রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্ত করার নির্দেশ দিয়েছে আদালত।
রায়ের দিন থেকে ৬০ কার্যদিবসের মধ্যে ফিরোজ কবিরকে ওই অর্থদণ্ডের টাকা পরিশোধ করতে হবে। তা দিতে না পারলে দণ্ডবিধির ৩৮৬ ধারা অনুযায়ী তা আদায়ের ব্যবস্থা করা হবে বলে জানান এ আদালতের বেঞ্চ সহকারী সাইফুল ইসলাম।

দুদকের সহকারী পরিচালক সৈয়দ আতাউল কবির ২০১৭ সালের ৩ অক্টোবর গুলশান থানায় ওই দম্পতির বিরুদ্ধে মামলা করেন। মামলাটি তদন্তের পর ২০১৯ সালে অভিযোগপত্র জমা পড়ে।

মামলার বিবরণে জানা যায়, ২০১২ সালের ১ জানুয়ারি থেকে ২০১৬ সালের ৩১ মে র্পযন্ত সময়ে এবি ব্যাংক, ডাচ বাংলা ব্যাংক, এনআরবি কর্মাশিয়াল ব্যাংক, ইসলামী ব্যাংক এবং ব্র্যাক ব্যাংকে ফিরোজ কবিরের নামে এবং ডাচ বাংলা ব্যাংকে তার স্ত্রী সাবরিনা আহমেদ ইভার অ্যাকাউন্টে মোট ৩ কোটি ৯ লাখ টাকা জমা করেন।
রায়ে বলা হয়, অধিকাংশ হিসাব খোলার সময় ফিরোজ কবির অর্থের উৎস চাকরি দেখিয়েছেন। কিন্তু যে ধরনের ও যে অংকের লেনদেন হয়েছে, তা তার বেতন-ভাতার সাথে সঙ্গতিপূর্ণ নয়। অর্থের উৎস সম্পর্কে কোনো সন্তোষজনক ব্যাখ্যা বা প্রমাণও তারা দাখিল করতে পারেননি।

“এতে প্রমাণিত হয় যে, জমাকৃত উক্ত অর্থ মানিলন্ডারিং প্রতিরোধ আইনে দুর্নীতি ও ঘুষ সংক্রান্ত সম্পৃক্ত অপরাধলব্ধ।”

গাংনীতে ফেসবুকের ফেক আইডির বিরুদ্ধে অভিযোগ

সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে ফেক আইডি তৈরি করে এনটিভির সাংবাদিক রেজ আন উল বাসার তাপসকে নিয়ে কুরুচিকর ও বিভ্রান্তিমূলক প্রচার করায় অপরাধ বার্তা নামের একটি আইডির বিরুদ্ধে ডিজিটাল নিরাপত্তা আইনে অভিযোগ দায়ের করা হয়েছে।

গতকাল রাতে গাংনী থানায় বাদী রেজ আন উল বাসার তাপস স্বশরিরে হাজির হয়ে এ অভিযোগ দাখিল করেন।
বাদীর অভিযোগ, গত ৭ জুলাই দিবা গত রাত্র ১২.১৮ মিনিট এর সময় অজ্ঞাত নামা ৪/৫ জন আসামীরা ‘অপরাধ বার্তা’ নামক ফেসবুক আইডির মাধ্যমে তথ্য ও প্রযুক্তি অনলাইন ব্যবহার করে আমার ফেসবুক প্রোফাইল আইডির ছবি আমার অনুমতি বিহীন সংগ্রহ করিয়া লেখালেখি করিয়া বলে যে, “এনটিভির” মেহেরপুর জেলা প্রতিনিধি মোহাঃ রেজ-আন-উল-বাসার তাপস এর গাঁজা সেবন। এমন আরো ভিডিও পেতে আমাদের সাথেই থাকুন বলিয়া অজ্ঞাতনামা ৪/৫ জন আসামীরা তাহাদের সঠিক পরিচয় গোপন করিয়া এহেন অন্যায় কর্মকান্ড করিয়া আমাকে সমাজের চোখে হেও প্রতিপন্নসহ আমার মান সম্মানের ক্ষতি করেছেন।

এমনকি অজ্ঞাতনামা ৪/৫ জন আসামীরা ঘটনার তারিখ ও সময়ে তাহাদের ফেইক ফেসবুক আইডির অনলাইন ব্যবহার করিয়া রাত্র অনুমান ৯.৪৯ মিনিটের সময় আমার কন্ঠ সুপার এডিট করিয়া অপপ্রচার করেন যে, পুলিশের উর্দ্ধতন কর্মকর্তাকে” এনটিভির মেহেরপুর জেলা প্রতিনিধি মোহাঃ রেজ-আন-উল-বাসার তাপসের অশালীন ভাষায় গালী “এহেন মিথ্যা জনমনে বিভ্রান্তি সৃষ্টি করিয়া সমাজের চোখে আমাকে হেও প্রতিপন্ন করিয়া আমার অনুমতি বিহীন উপরোক্ত কর্মকান্ড করিয়া অজ্ঞাতনামা ৪/৫ জন আসামীরা আমার কোটি টাকার উর্দ্ধে মান সম্মান হানী করিয়াছে। উপরোক্ত ঘটনার কারনে আমার পদ- পদবীসহ সমাজের মানুষের চোখে আমার প্রতি বিরুপ প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে এবং মান সম্মানের হানি ঘটেছে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক বলেন, এনটিভির সাংবাদিক রেজ আন উল বাসার তাপসের লিখিত অভিযোগ পেয়েছি। তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

মেহেরপুরে চোখ রাঙাচ্ছে ডেঙ্গু

সরকারিভাবে প্রচার প্রচারনা না থাকায় মেহেরপুর জেলায় বাড়ছে ডেঙ্গু আশংকা। জেলায় এ বছর এই পর্যন্ত সরকারিভাবে মোট নয় জন ডেঙ্গু রোগী শনাক্ত হয়েছেন। এদের মধ্যে ৫ জন মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসা নিয়েছেন। আর ৪ জন বিভিন্ন ক্লিনিকে চিকিৎসা নিয়েছেন। বর্তমানে সবাই সুস্থ্য হয়েছেন। যারা ডেঙ্গুতে আক্রান্ত হচ্ছেন তাদের অধিকাংশই প্রাইভেট চিকিৎসকদের কাছ থেকে পরামর্শ নিয়ে বাড়িতেই চিকিৎসা নিচ্ছেন।

ক্ষেত্রবিশেষে অতিথি চিকিৎসকরা চেম্বার থেকেই রোগীকে অন্যান্য চিকিৎসাকেন্দ্রে রেফার্ড করে দেন, ফলে মেহেরপুরে প্রকৃত ডেঙ্গু রোগীর সংখ্যা কত এর সঠিক তথ্য জেলা স্বাস্থ্য বিভাগের কাছে নেই।

মেহেরপুর জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. জমির মোহাম্মদ হাসিবুস সাত্তার জানিয়েছেন ডেঙ্গু পরিস্থিতি মোকাবেলায় মেহেরপুর জেনারেল হাসপাতালে পর্যাপ্ত প্রস্তুতি আছে।

মেহেরপুর জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. জমির মোহাম্মদ হাসিবুস সাত্তার বলেন,’ সরকারি নির্দেশনা মোতাবেক মেহেরপুর জেনারেল হাসপাতালে একটি ডেঙ্গু কর্নার ও ৫ শয্যা বিশিষ্ট একটি ডেঙ্গু ওয়ার্ড খোলা হয়েছে। প্রয়োজনে ডেঙ্গু ওয়ার্ডে শয্যা সংখ্যা আরও বাড়ানো হবে। হাসপাতালে যেকোনো জ্বরের রোগী আসলেই তাদের আগে ডেঙ্গু কর্ণারে নিয়ে পরীক্ষা নিরীক্ষা করা হচ্ছে। পরে জরুরি বিভাগ ও অন্যান্য বিভাগে চিকিৎসার জন্য পাঠানো হচ্ছে।

বর্তমানে মেহেরপুর জেনারেল হাসপাতালের আই সি ইউ তে তুষার নামের একজন ডেঙ্গু রোগী চিকিৎসাধীন আছেন। ১০ জুলাই একজন রোগী সুস্থ হয়ে বাড়ি ফিরে গেছেন। এর বাইরে মেহেরপুরের তাহের ক্লিনিকে একজন চিকিৎসাধীন আছেন। অন্যরা নিজ বাড়িতে চিকিৎসাধীন থেকে সুস্থ হয়েছেন। তিনি বলেন, বর্তমানে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ডেঙ্গুর সকল পরীক্ষা নিরীক্ষা করা হচ্ছে। সিদ্ধান্ত হয়েছে সরকারি হাসপাতালে এখন থেকে বিনামূল্যে ডেঙ্গুর পরীক্ষা করা

হবে। তবে প্রজ্ঞাপনজারির পর থেকে এই সুবিধাটি কার্যকর করা হবে।’

মেহেরপুর জেনারেল হাসপাতালে ডেঙ্গু কর্নারে দায়িত্বরত চিকিৎসক ডা. তাসমেরী খাইরুন নাহার বলেন, ‘জ্বর হলেই ব্যথার ওষুধ খাওয়া যাবেনা কারণ ডেঙ্গুতে ব্যথার ওষুধ দেয়া যায় না। তাই আমার পরামর্শ জ্বর হলেই আপনারা বিশেষজ্ঞ চিকিৎসক দেখান অথবা মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসার জন্য চলে আসুন, এখানে সুচিকিৎসার পর্যাপ্ত ব্যবস্থা আছে।’

সিভিল সার্জন মেহেরপুর জওয়াহেরুল আনাম সিদ্দিকী বলেন,’এখন পর্যন্ত জেলার ডেঙ্গু পরিস্থিতি সামগ্রিকভাবে ভালো। মেহেরপুর জেলাতে এ বছর এখন পর্যন্ত মোট নয়জন ডেঙ্গু রোগী সনাক্ত হয়েছেন, তারা সকলেই সুস্থ হয়ে বাড়ি ফিরে গেছেন। বর্তমানে একজন রোগী সদর হাসপাতালের আইসিইউ এ ভর্তি আছেন। সার্বিক ভাবে জেলার ডেঙ্গু পরিস্থিতি সন্তোষ জনক বলে জানান তিনি।’

গাংনীতে আবৃত্তি প্রতিযোগিতায় সাংবাদিক কন্যা স্নেহার ১ম স্থান অর্জন

মেহেরপুরের গাংনীতে অনুষ্ঠিত জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতায় কবিতা আবৃত্তিতে প্রথম স্থান অধিকার করেছে বি আর লাইসিয়াস স্কুল এন্ড কলেজের সপ্তম শ্রেণীর ছাত্রী নুরে জান্নাত স্নেহা। স্নেহা গাংনী উপজেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক নুরুজ্জামান পাভেলের কন্যা।

আজ বুধবার সকাল ১০ টায় গাংনী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসে আয়োজিত জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতায় উপজেলার বিভিন্ন স্কুল কয়েকটি বিভাগে বিভক্ত হয়ে এ প্রতিযোগিতায় অংশ নেয়।

প্রতিযোগিতায় খ বিভাগ থেকে অংশগ্রহণ করে স্নেহা। উপজেলার বিভিন্ন বিদ্যালয় থেকে আসা অসংখ্য আবৃত্তি প্রতিযোগীদের মধ্যে

স্নেহা প্রথম স্থান অর্জন করে।

প্রতিযোগিতায় বিচারক হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার নাসির উদ্দিন, গাংনী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পারভেজ সাজ্জাদ রাজা এবং আল মাসুম।

এছাড়াও গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু প্রতিযোগীতার স্থান পরিদর্শন করেন এবং দিকনির্দেশনা মূলক বক্তব্য রাখেন।

উপজেলা পর্যায়ে বিজিত প্রতিযোগীরা পরবর্তীতে জেলা পর্যায়ে অনুষ্ঠিত জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।

দামুড়হুদা উপজেলা আইন শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলা আইন শৃঙ্খলা, চোরাচালান, সন্ত্রাস ও নাশকতা, মানব পাচার এবং নারী ও শিশু নির্যাতন কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার সকাল ১০টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সম্মেলন কক্ষে মাসিক সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস,উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, দামুড়হুদা মডেল থানার ওসি অপারেশন শফিউল আলম, দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) ফেরদৌস ওয়াহিদ, উপজেলার বিজিবি ক্যাম্পের প্রতিনিধি বৃন্দ, উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জেল হক,উপজেলা আনসার ভিডিপি অফিসার রাফেজা খাতুন, উপজেলা যুব উন্নয়ন অফিসার আবদুল্লাহ আল মামুন, দর্শনা সরকারি কলেজের অবসরপ্রাপ্ত অধ্যক্ষ আব্দুল গফুর, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, উপজেলা ইসলামিক ফাউণ্ডেশনের ফিল্ড সুপারভাইজার মোছা: মারিয়া মাহবুবা, উজিরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সামসুন্নাহার,

দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হযরত আলী, পার কৃষ্ণপুর মদনা ইউপি চেয়ারম্যান এসএম জাকারিয়া আলম, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, নতিপোতা ইউপি চেয়ারম্যান ইয়ামিন আলী, হাউলী ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান (২) শহিদুল ইসলামসহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন।

এসময় উপস্থিত বক্তারা বলেন, উপজেলার প্রতিটি ইউনিয়নের বাল্যবিবাহ প্রতিরোধ, নারী নির্যাতন, ইভটিজিং, গরু চুরি, জঙ্গিবাদ, সুদে কারবারি, ছিনতাইকারী, মাদক নিয়ন্ত্রণে কঠোর ভূমিকা ও পুলিশ সদস্যদের নিয়মিত টহল আরো জোরদারসহ নানা দিক নিয়ে আলোচনা হয়।

টি-টোয়েন্টি সিরিজ খেলতে সিলেটে বাংলাদেশ

আফগানিস্তানের বিপক্ষে হতাশাজনক ওয়ানডে সিরিজ শেষ করেছে বাংলাদেশ। প্রথমবারের মতো আফগানদের কাছে ওয়ানডে সিরিজ হেরেছে টাইগাররা। তবে তৃতীয় ও শেষ ওয়ানডে ম্যাচে দাপুটে জয়ে হোয়াইটওয়াশ এড়িয়েছে বাংলাদেশ। ওয়ানডের পর এবার আফগানদের বিপক্ষে টি-টোয়েন্টি সিরিজে মাঠে নামবে সাকিব-লিটনরা। আগামী ১৪ ও ১৬ জুলাই সিলেটে দুই ম্যাচের টি-টোয়েন্টি সিরিজটি অনুষ্ঠিত হবে।

টি-টোয়েন্টি সিরিজ খেলতে ইতিমধ্যে সিলেটে পৌঁছে গেছে বাংলাদেশ দল। বুধবার (১২ জুলাই) দুপুর নাগাদ পৌঁছায় দলের সকল খেলোয়াড় এবং কোচিং স্টাফ। বাংলাদেশের পাশাপাশি আফগানিস্তান দলও এখন অবস্থান করছে সিলেটে।

টি-টোয়েন্টিতে বাংলাদেশের চেয়ে অনেক এগিয়ে রয়েছে আফগানিস্তান। দুই দলের ৯ বারের দেখায় আফগানদের জয় ৬টিতে এবং বাংলাদেশের ৩টিতে। সবগুলোতেই সহজ জয় পেয়েছে আফগানিস্তান। অন্যদিকে জয় পেতে ঘাম ঝড়াতে হয়েছে বাংলাদেশকে। বাংলাদেশের বিপক্ষে শেষ দুই ম্যাচে সহজভাবেই যথাক্রমে ৮ এবং ৭ উইকেটে জিতেছে আফগানিস্তান। কিন্তু শেষ পাঁচ লড়াইয়ের মধ্যে দু’টি জয় পায় বাংলাদেশ। অর্থাৎ, আফগানদের বিপক্ষে মোট তিনটি জয়ের মধ্যে দু’টিই সাম্প্রতিক সময়ে পেয়েছে

টাইগাররা।

সাকিব আল হাসানের নেতৃত্বে এই ফরম্যাটে বাংলাদেশ ধীরে ধীরে উন্নতি করছে। ২-১ ব্যবধানে হারা ওয়ানডে সিরিজে দলকে শেষ দুই ম্যাচে নেতৃত্ব দেন লিটন দাস। শেষ ওয়ানডের জয় আফগানিস্তানের বিপক্ষে প্রথমবারের মত টি-টোয়েন্টি সিরিজ জিততে আত্মবিশ্বাস যোগাবে বলেই আশা করছেন লিটন। ২০২২ সালে সর্বশেষ বাংলাদেশ-আফগানিস্তানের মধ্যকার দুই ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ ১-১ সমতায় শেষ হয়েছিলো।

সূত্র: ইত্তেফাক

এসএসসি পাসে নিয়োগ দেবে বসুন্ধরা গ্রুপ

নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে বসুন্ধরা গ্রুপ। প্রতিষ্ঠানটিতে ড্রাইভার/ শোফার পদে নিয়োগ দেওয়া হবে। আগ্রহী যোগ্য প্রার্থীরা অনলাইনের মাধ্যমে সহজেই আবেদন পারবেন।

পদের নাম

ড্রাইভার/ শোফার।

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা

প্রার্থীকে কমপক্ষে এসএসসি পাস হতে হবে। বয়স সর্বনিম্ন ২৬ বছর। পুরুষ প্রার্থীরা আবেদন করতে পারবেন। সুস্থ ও সুঠাম দেহের অধিকারী হতে হবে। বাংলায় ও ইংরেজিতে লিখতে ও পড়তে জানতে হবে। বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে।

কর্মস্থল

ঢাকা।

বেতন

আলোচনা সাপেক্ষে।

আবেদন প্রক্রিয়া

আগ্রহী প্রার্থীরা বিডিজবস অনলাইনে আবেদন করতে পারবেন।

আবেদনের শেষ তারিখ

১৪ জুলাই, ২০২৩।

সূত্র : বিডিজবস